“হাজারীবাগ, বাইশটেকী, কুর্মিটোলা, মান্ডা ও বেগুনবাড়ী খালে ভূমি অধিগ্রহণ এবং খনন/পুনঃ খনন” শীর্ষক সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার

জন্য পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (Terms of References)

সমন্বয় ও এমআইএস সেক্টর

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শেরে বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়ন (Impact Evaluation) কার্যক্রম পরিচালনার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি **(ToR):**

(ক) প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

১। প্রকল্পের নাম : "হাজারীবাগ, বাইশটেকী, কুর্মিটোলা, মান্ডা ও বেগুনবাড়ী খালে ভূমি অধিগ্রহণ এবং খনন/পুনঃ খনন"

২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

৩। বাস্তবায়কারী সংস্থা : ঢাকা ওয়াসা

৪। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ : ভৌত অবকাঠামো বিভাগ

৫। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) ও বাস্তবায়কাল

বিষয়	অনুমোদিত প্রাক্কলন		বাস্তবায়নকাল
ডিপিপি	মোট	জিওবি	
মূল	৬০৭১৬.০০	৬০৭১৬.০০	১ এপ্রিল_২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০১৯
১ম সংশোধিত	৬৪৫৫১.৩২	৬৪৫৫১.৩২	১ এপ্রিল_২০১৮ হতে ৩১ ডিসেম্বর ২০২০

৬। অর্থায়নের ধরন ও উৎস: প্রকল্পটি সম্পূর্ণটাই জিওবি অর্থায়নে বাস্তবায়ন করা হচ্ছে।

৭। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা
১	২	৩
ঢাকা	ঢাকা	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অধিভূক্ত মাঙ্ডা, সবুজবাগ, বাসাবো ও হাজারীবাগ এলাকা এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অধিবূক্ত মিরপুর, পল্লবী, বাড্ডা, রামপুরা এলাকা।

৮। প্রকল্পের পটভূমি :

সুদুর অতীত হতেই ঢাকা মহানগরীর বিপুলসংখ্যক খাল বন্যার পানি নিষ্কাশনপূর্বক জলজট/জলাবদ্ধতা দূরীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। তবে, বর্তমানে বেশীর ভাগ খালই দখল ও ভরাট হয়ে যাওয়ায় ঢাকা তথা রাজধানীর জলাবদ্ধতার ক্রমশ অবনতি হচেহ্ছ। এ পরিপ্রেক্ষিতে, ঢাকা মহানগরীর হাজারীবাগ, বাইশটেকী, বেগুনবাড়ী, কুর্মিটোলা এবং মান্ডা ইত্যাদি প্রধান ৫টি খাল পুনঃখনন, রেলিং ও ওয়াকওয়ে নির্মাণ এবং পাড় বাঁধাই ইত্যাদি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় ৩০.৫৬ একর জমি অধিগ্রহণপূর্বক ৫টি খালের সার্বিক উন্নয়নের মাধ্যমে ঢাকা মহানগরীর জলাবদ্ধতা দূরীকরণের উদ্দেশ্যে ৬০৭১৬.০০ লক্ষ টাকা ব্যয়ে এপ্রিল ২০১৮-ডিসেম্বর ২০১৯ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত আলোচ্য প্রকল্প গত ০৩/০৪/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমদিত হয়। পরবর্তীতে ২৮/০১/২০২০ তারিখে ৬৪৫৫১.৩২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল ২০১৮- ডিসেম্বর ২০২০ মেয়াদে বাস্তবায়নের জন্য উদ্যোগী মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের ১ম সংশোধিত প্রস্তাব অনুমোদিত হয়।

৯। প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা : বর্ষাকালে অতি বৃষ্টির সময় পানির প্রবাহ স্বাভাবিক রেখে মহানগরীর জলজট/জলাবদ্ধতা দূরীকরণ ও মহানগরবাসীর জন্য স্বাস্থ্যসম্মত, পরিবেশবান্ধব, টেকসই বসবাস নিশ্চিত করা।

১০। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- ভূমি অধিগ্রহণ;
- খাল খনন/পুনঃখনন;
- ওয়াকয়ে নিমার্ণ।

(খ) পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১১। প্রকল্পটির প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব নিম্নরূপ:

১১১. প্রকল্পেরবিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১২.প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১১.৩ ডিপিপি ও লগ ফ্রেমের আলোকে Output, Outcome ও impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১ ,প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য ৪.কার্য ও সেবা সংগ্রহের)Procurement(ক্ষেত্রে প্রচলিত পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১ ৫.প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (সেবা অবকাঠামো ও ,পণ্য) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১৬. প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্যকার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন ,/ BOQ/ TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণযাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়ে/ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১৭. স্থানীয় /প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয় প্) তথ্যেরযোজ্য ক্ষেত্রেআলোকে তুলনামূলক পর্যালোচনা করা (যদি থাকে) এবং বেজলাইন সার্ভের (;

১১৮. প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১.৯ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১১.১০ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি, সৃষ্ট সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT Analysis;

১১.১১ প্রকল্প কার্যক্রমের উপর কেস স্টাডি উল্লেখ করা;

১১.১২প্রকল্পের অডিট কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ (ইন্টারনাল অডিট, এক্সটারনাল অডিট, অডিট আপত্তি সংক্রান্ত যেমন: কতটি অডিট ও কত টাকার ইত্যাদি);

১১.১৩উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

১১.১৪প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মাশালায় প্রতিবেদন উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজি ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষান্তে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

১১.১৫কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

১১। নিম্নলিখিত প্রতিবেদনসমূহ পরামর্শক প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে:

ক্র: নং	প্রতিবেদনের নাম	সময়কাল	সংখ্যা
ক।	প্রারম্ভিক প্রতিবেদন (ইনসেপশন রিপোর্ট) (টেকনিক্যাল/তত্ত্বাবধান) সভা	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	৪০ কপি
খ।	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/ তত্ত্বাবধান) সভা	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	৪০ কপি
গ।	২য় খসড়া প্রতিবেদন (ডিসেমিনেশন কর্মশালার)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৭৫ কপি
ঘ।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ ও ইংরেজি ২০)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	৬০ কপি

১২। পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকদের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও পরামর্শক	যোগ্যতা	অভিজ্ঞতা
১।	ফার্ম (পরামর্শক প্রতিষ্ঠান)	বিধিবদ্ধ ফার্ম হতে হবে; পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধন থাকতে হবে।	সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৩ বছরের কাজের (তিন) অভিজ্ঞতা।
২।	ক) টিম লিডার (১ জন)	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি। তবে স্নাতকোত্তরপিএই ,চডি ও উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	• **ড্রেজিং,পানিসম্পদ**, অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকী নির্মাণ কাজে গবেষণায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • প্রকল্প বাস্তবায়ন,পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; • প্রভাব মূল্যায়ন কাজে ০৩ বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অন্তত ০১টি গবেষণা; • সরকারি ক্রয় কাজের প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং সরকারি ক্রয় সম্পর্কিত বিদ্যমান আইন ও বিধি (পিপিএ-২০০৬ এবং বিপিআর-২০০৮) সম্যক ধারণা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
	খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার (১ জন)	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং/পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি। তবে স্নাতকোত্তর ও উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	• ভবন, অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ কাজ সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা • পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা
	গ) আর্থ সামাজিক বিশেষজ্ঞ (১ জন)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকর্ম/সমাজকল্যাণ/ডেভেলপমেন্ট স্ট্যাডিজ বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী;	• আর্থ সামাজিক /প্রভাব মূল্যায়ন/ নিবিড় পরিবীক্ষণ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।
	ঘ) তথ্য	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে	• সমীক্ষা/ গবেষণা কার্যক্রম পরিচালনা, তথ্য ব্যবস্থাপনা

	ব্যবস্থাপনা বিশেষজ্ঞ (১ জন)	পরিসংখ্যান/ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি	কার্যক্রম এবং বিশ্লেষণে কমপক্ষে ০৩ (তিন) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা; • SPSS সহ অন্যান্য Statistical Software পরিচালনায় দক্ষতা; এবং • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
	বিঃদ্রঃ সমীক্ষায় নিয়োজিতব্য পরামর্শক দলের সদস্যদের বুদ্ধিবৃত্তিক,শারীরিক ও মানসিকভাবে এ কাজ সম্পাদনের উপযুক্ত হতে হবে।		

- **সকল প্রতিবেদন অতিরিক্ত সচিব (প্রশাসন), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Unicode Based Font হতে হবে। মুদ্রণ ব্যয় পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নির্বাহ করতে হবে।**

১৩। সেবা ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয়:

ক) প্রকল্প দলিল এ প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (আরডিপিপি/ডিপিপি) এবং

খ) বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।